দৈনিক সংবাদ

MAY 1 2002

২—৭

# চট্টগ্রামে ছাত্রদলের দুই গ্রুপে বন্দুকযুদ্ধ, গুলিবিদ্ধ ৭ ৩০টি কক্ষ ভাঙচুর

**নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরো :** নগরীর পাঁচলাইশ থানার ষোলশহর বন গবেষণাগার এলাকায় শনিবার ছাত্রদলের দু'গ্রুপে থেমে থেমে ৫ ঘণ্টা বন্দুকযুদ্ধ হয়েছে। এলাকায় আধিপত্য বিস্তারের দ্বন্দ্বে এ বন্দুকযুদ্ধের ঘটনা ঘটে।

স্থানীয় লোকজন জানান, দীর্ঘদিন যাবৎ ষোলশহর বন গবেষণাগার এলাকায় ২ মন্ত্রীর শেল্টারে থাকা ছাত্রদলের দু'গ্রুপের মধ্যে আধিপত্য বিস্তারের দ্বন্দ্ব চলে আসছিল। শনিবার সকাল ১০টায় দু'গ্রুপ প্রথম দফা বন্দুকযুদ্ধে লিপ্ত হয়। তা থেমে থেমে চলে ১২টা পর্যন্ত। এ সময় লোকজন ভয়ে দিগ্বিদিক ছুটে পালায়। পাশের সড়কে যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। এরপর বিকেল ২টায় আবার তারা সংগঠিত হয়ে বন্দুকযুদ্ধে লিপ্ত হয়। তা চলে থেমে থেমে বিকেল ৫টা পর্যন্ত। এতে হতাহতের খবর পাওয়া যায়নি। পুলিশ বন্দুকযুদ্ধের কথা স্বীকার করেছে। তবে বিস্তারিত জানাতে পারেনি।

ভিন্ন সূত্র জানায়, দুপুরে ফরেস্ট কলেজ ক্যাম্পাসে ছাত্রদলের শাহেদ ও টিঙ্কু গ্রুপের মধ্যে বন্দুকযুদ্ধ হয়। এতে দু'পক্ষে ৫০ রাউন্ড গুলিবিনিময়ের ঘটনা ঘটে এবং পথচারীসহ ৭ জন গুলিবিদ্ধ হয়। গুলিবিদ্ধ আতিকুর রহমান ও শাহীন আহমদকে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। হাবিবুল হক সুজন নামে এক ছাত্র এ সময় অপহৃত